দৈনিক
ইত্তেফাক

তারিখ ..17.JAN.2016... ...
পৃষ্ঠা ... 2 ... কলাম.... ...2....

# ১৯ তোরণ ও রাস্তায় শিক্ষার্থীদের দাঁড় করিয়ে সংবর্ধনা

## জলঢাকায় দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

■ জলঢাকা (নীলফামারী) সংবাদদাতা

দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আহমেদ হোসেনকে জলঢাকায়
সংবর্ধনা দেয়ার জন্য তৈরি করা হয়েছে ১৯টি তোরণ। অসংখ্য শিক্ষার্থীকে দাঁড়
করানো হয়েছে রাস্তার দু'পাশে। জলঢাকা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ে
আয়োজিত এ সংবর্ধনাকে কেন্দ্র করে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান
তোরণগুলো তৈরি করে। সংবর্ধনা স্থল হতে প্রতিটি তোরণের নিচে স্ব স্ব শিক্ষা
প্রতিষ্ঠানের শত শত শিক্ষার্থী ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে থাকতে দেখা যায়।

গতকাল শনিবার বেলা ১১টায় অনুষ্ঠান শুরুর কথা থাকলেও বোর্ড
চেয়ারম্যানকে বিপুল সংখ্যক মোটর সাইকেল শোভাযাত্রার মধ্য দিয়ে সংবর্ধনা
স্থলে বেলা পৌনে ১টার দিকে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা নিয়ে
আসেন। সংবর্ধনা অনুষ্ঠানকে ঘিরে উপজেলার প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে
অঘোষিত ছুটি থাকে। বেলা দেড়টায় শুরু হয়ে এ অনুষ্ঠান চলে বিকাল ৫টা পর্যন্ত।